



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে।

নং-১৭.০০.০০০০.০০৯.০৫.০০৭.০১-৬১

তারিখ: ২১ মাঘ ১৪২৫
০৩ ফেব্রুয়ারি ২০১৯

প্রজ্ঞাপন

প্রশাসনিক গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য সৃজিত নতুন পদসমূহের সমন্বয়ে অনুবিভাগ, অধিশাখা ও শাখার সমন্বয়ে সাংগঠনিক কাঠামো পূর্নগঠন করা প্রয়োজন। সৃজিত পদসমূহ দ্বারা নির্বাচন কমিশন সচিবালয়ে ০১টি অনুবিভাগ, ০২টি অধিশাখা ও ০২টি শাখা গঠন করা হয়েছে। বর্তমান প্রশাসন অনুবিভাগটির নাম পরিবর্তন করে প্রশাসন ও অর্থ অনুবিভাগ নামকরণ এবং এ অনুবিভাগের প্রধান হিসেবে অতিরিক্ত সচিবের পরিবর্তে নতুন সৃজিত যুগ্ম-সচিবকে রাখা হয়েছে। তবে, নির্বাচন কমিশন সচিবালয়ের সকল শাখার নথি অতিরিক্ত সচিবের মাধ্যমে সচিব এর নিকট উপস্থাপিত হবে।


০২। নবগঠিত ০২টি অধিশাখা যথাক্রমে “বাজেট অধিশাখা” এবং “শৃঙ্খলা ও আপিল অধিশাখা” হিসেবে নামকরণ করা হয়েছে। বিদ্যমান সংস্থাপন অধিশাখার আওতাধীন “বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ” ও “হিসাব” শাখার সমন্বয়ে নতুন সৃজিত ০১ জন উপসচিবের আওতায় “বাজেট অধিশাখা” গঠন করা হয়েছে। সেইসাথে নতুন সৃজিত ০১জন উপ-সচিবের আওতায় “শৃঙ্খলা ও আপিল” অধিশাখা এবং নতুন সৃজিত ০১ জন সিনিয়র সহকারী সচিব-এর আওতায় “শৃঙ্খলা শাখা” গঠন করা হয়েছে।

০৩। নতুন সৃজিত অপর ০১ জন সিনিয়র সহকারী সচিব-এর আওতায় “জনবল ব্যবস্থাপনা-৩” শাখা গঠন করত: জনবল অধিশাখায় ন্যাস্ত করা হয়েছে এবং নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োগযোগ্য নতুন সৃজিত অডিটরিয়াম কেয়ারটেকার-০১টি, ইলেক্ট্রিশিয়ান-০১টি, লিফটম্যান-০৪টি, জেনারেটর অপারেটর-০১টি, নিরাপত্তা প্রহরী-০২টি ও পরিচ্ছন্নতা কর্মী-০৩টি পদসহ সর্বমোট ১২টি পদ সাধারণ সেবা অধিশাখার আওতাধীন সাধারণ সেবা-২ শাখায় অন্তর্ভুক্ত করা হলো।

৭

চলমান পাতা

০৪। উপরের বর্ণনা মোতাবেক নতুন সৃজিত প্রশাসন ও অর্থ অনুবিভাগের পুনর্বিন্যাসকৃত সাংগঠনিক কাঠামো নিম্নরূপে গঠন করা হল :




চলমান পাতা

০৫। এ সচিবালয়ের ১৬ অক্টোবর ২০১১ তারিখের নং নিকস/প্র-১/সাকা/১(৬)/৮৬(অংশ-৪)/৭৮৩ সংখ্যক স্মারকে জারিকৃত সাংগঠনিক কাঠামো সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী এবং বিভিন্ন সময়ে জারিকৃত এ সংক্রান্ত আদেশাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। পুনর্বিদ্যুত সাংগঠনিক কাঠামো এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হবে।

বাংলাদেশ নির্বাচন কমিশনের আদেশক্রমে




(হেলালুদ্দীন আহমদ)
সচিব

নং-১৭.০০.০০০০.০০৯.০৫.০০৭.০১-৬১

তারিখ: ২১ মাঘ ১৪২৫
০৩ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (তৌর কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবগতির অনুরোধসহ)।
৭. যুগ্মসচিব, (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল) (নিজ কার্যালয়সহ আওতাধীন কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবগতির অনুরোধসহ)।
১০. উপসচিব, (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২. উপপ্রধান, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা, (সকল) (নিজ কার্যালয়সহ আওতাধীন কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবগতির অনুরোধসহ)।
১৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তৌকে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশসহ ২০০ (দুইশত) কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
১৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার-এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম-এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৮. মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম-এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৯. মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল শাহাদাত হোসেন চৌধুরী (অবঃ)-এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ লুৎফুল কবীর সরকার)
সহকারী সচিব (সংস্থাপন-১)
ফোনঃ ৫৫০০৭৫০৬